



বিজয় উদযাপনে মিছিল নয়, দেশজুড়ে দোয়ার আয়োজন বিএনপির



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বড় ব্যবধানে জয় পাওয়ার পর কোনো ধরনের আনন্দ মিছিল বা সমাবেশ না করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল। এর পরিবর্তে শুক্রবার জুমার নামাজের পর সারা দেশে দোয়া মাহফিলের আয়োজন করা হবে বলে দলটি জানিয়েছে।

বৃহস্পতিবার গভীর রাতে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, নির্বাচনে বিপুলসংখ্যক আসনে জয়লাভ করায় রাজধানী ঢাকাসহ সারাদেশের জনগণকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে দলটি।

ঘোষণা অনুযায়ী, শুক্রবার জুমার নামাজের পর ঢাকাসহ দেশের বিভিন্ন মসজিদে দোয়া অনুষ্ঠিত হবে। এতে প্রয়াত সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা এবং দেশের শান্তি ও কল্যাণের জন্য প্রার্থনা করা হবে।

দলীয় নির্দেশনায় স্পষ্ট করে বলা হয়েছে, বিজয় উপলক্ষে কোনো শোভাযাত্রা বা জনসভা করা যাবে না। কেন্দ্র থেকে শুরু করে তৃণমূল পর্যন্ত নেতাকর্মী ও সমর্থকদের দোয়ায় অংশ নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

এ ছাড়া দেশের মন্দির, গির্জা, প্যাগোডাসহ অন্যান্য উপাসনালয়ে নিজ নিজ ধর্মীয় রীতিতে দেশের মঙ্গল কামনায় প্রার্থনা করার অনুরোধও জানানো হয়েছে।